যা কামনা করেছ তা এবং এর অনুরূপ তোমাকে প্রদান করা হলো।”

আবূ হুরায়রা রাদিয়াল্লাহু ‘আনহু থেকে বর্ণিত, রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন: “তোমাদের মধ্যে সর্বনিম্ন পর্যায়ের জান্নাতীকে বলা হবে যে,
তুমি কামনা কর। সে কামনা করতে থাকবে এবং আরো কামনা করবে। আল্লাহ তাকে বলবেন: তোমার
যা কমন করার তা কি করেছ? সে বলবে, জ্বী! আল্লাহ বলবেন: যা কামনা করেছ তা এবং এর অনুরূপ তোমাকে প্রদান করা হলো।” [সহীহ] [ইমাম মুসলিম এটি বর্ণনা করেছেন]

নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন যে, জান্নাতে প্রবেশকারীদের মধ্যে সর্বনিম্ন মর্যাদা ও স্তরের ব্যক্তিকেও বলা হবে: "ইচ্ছা প্রকাশ করো।" তখন সে ইচ্ছা প্রকাশ করবে এবং একের পর এক ইচ্ছা করতে থাকবে, এমনকি তার আর কোনো ইচ্ছাই অবশিষ্ট থাকবে না যা সে প্রকাশ করেনি। তখন তাকে বলা হবে: "তুমি কি সব ইচ্ছা প্রকাশ করেছ?" সে বলবে: "হ্যাঁ।" তখন তাকে বলা হবে: "তোমার সব ইচ্ছা পূরণ করা হবে এবং তার সাথে আরও অনুরূপ দেওয়া হবে।"

https://sunnah.global/hadeeth/bn/show/8342